



## চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

বন্দর ভবন, চট্টগ্রাম-৪১০০

[www.cpa.gov.bd](http://www.cpa.gov.bd)

বিষয়ঃ স্বাধীনতার মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬ তম শাহাদাত বার্ষিকীতে আগামী ১৫ আগস্ট ২০২১ জাতীয় শোক দিবস পালন উপলক্ষে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতিঃ রিয়ার অ্যাডমিরাল এম শাহজাহান, এনপিপি, বিসিজিএমএস, এনডিসি, পিএসসি  
চেয়ারম্যান  
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ।

সভার তারিখ ও সময় : ১৯ জুলাই, ২০২১ বেলা ১২.০০ টা।

সভার স্থান : চবক কনফারেন্স রুম।

সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় চবক এর সদস্যবৃন্দ, বিভাগীয় প্রধান, অন্যান্য উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ ও চট্টগ্রাম বন্দর কর্মচারী পরিষদ (সিবিএ) এর প্রতিনিধি উপস্থিত ছিলেন। স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করে সভা শুরু করা হয়। আগামী ১৫ আগস্ট ২০২১ রবিবার জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে আলোচনার সূত্রপাত করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগ হতে জাতীয় শোক দিবস পালন কর্মসূচি চূড়ান্তকরণের নিমিত্তে অনুষ্ঠিত ভারুয়াল সভার কার্যবিবরণী পাওয়া গেছে। পরিচালক (প্রশাসন), চবক জাতীয় শোক দিবস উপলক্ষে প্রণীত বিভিন্ন কর্মসূচির প্রস্তাবনা উপস্থাপনা করেন।

বিস্তারিত আলোচনার পর ১৫ আগস্ট ২০২১ইং তারিখ রোজ রবিবার স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬ তম শাহাদাত বার্ষিকীতে যথাযথ মর্যাদা ও ভাবগভীর পরিবেশে পালনের উদ্দেশ্যে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত কর্মসূচী গৃহীত হয়ঃ


ক্রমিক	তারিখ ও সময়	কর্মসূচী	বাস্তবায়ন
১.	১৫ আগস্ট ২০২১	১৫ আগস্ট ২০২১ রবিবার দিবসের কর্মসূচী সমূহে যোগদানের উদ্দেশ্যে ছুটির দিন হিসেবে পালিত হবে।	
২.	৯.০০টা	বন্দর ভবনসহ বন্দরের সকল দপ্তর, শিক্ষাপ্রতিষ্ঠান, জলখানে জাতীয় পতাকা অর্ধনমিত ভাবে উত্তোলন করা হবে।	উপ-সংরক্ষক পরিচালক (নিরাপত্তা) সচিব চবক এর সকল শিক্ষাপ্রতিষ্ঠান প্রধান।
৩.	৯.১৫ মিনিট	বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ।	পরিচালক (প্রশাসন) পরিচালক (নিরাপত্তা) প্রধান প্রকৌশলী (সিভিল) সচিব, চবক। নির্বাহী প্রকৌশলী (ইমারত) সভাপতি/সাধারণ সম্পাদক (সিবিএ)
৪.	৯.৪৫ মিনিট	বঙ্গবন্ধুর শাহাদাত দিবসে বন্দর ভবন চত্বরে বৃক্ষরোপন ও দোয়া।	প্রধান প্রকৌশলী (সিভিল) সচিব নির্বাহী প্রকৌশলী (ইমারত) ক্যামেরাম্যান, চবক। সভাপতি/সাধারণ সম্পাদক (সিবিএ)
৫.	দিনব্যাপী	বঙ্গবন্ধুর ছবি সঞ্চালিত ব্যানার দিয়ে বন্দর ভবন এবং ফোয়ারা সজ্জিতকরণ ও কালো ব্যাজ পরিধান।	পরিচালক (প্রশাসন) সচিব উপ-প্রধান প্রকৌশলী (বিদ্যুৎ) নির্বাহী প্রকৌশলী (ইমারত) সিনিয়র পারসোনেল অফিসার পারসোনেল অফিসার (আইআর) সহকারী জনসংযোগ কর্মকর্তা। ক্যামেরাম্যান, চবক।

৯

৬.	১১.০০ ঘটিকা।	স্কুল কলেজ ও বন্দর ভবনে অনলাইনে বঙ্গবন্ধুর জীবন ও অবদান বিষয়ে আলোচনা।	অধ্যক্ষ, চট্টগ্রাম বন্দর কলেজ ও চট্টগ্রাম বন্দর মহিলা কলেজ ডায়রপ্রাণ্ড প্রধান শিক্ষক/প্রধান শিক্ষিকা, চট্টগ্রাম বন্দর বালিকা বিদ্যালয়/বন্দর কর্তৃপক্ষ উচ্চ বিদ্যালয়। সুপারিনটেনডেন্ট, বন্দর মোহাম্মদীয়া মাদ্রাসা। সংশ্লিষ্ট সকল বিদ্যালয় পরিচালনা কমিটি।
৭.	সুবিধাজনক সময়।	শিক্ষাপ্রতিষ্ঠানে নিম্নোক্ত বিষয়ে অনলাইনে প্রতিযোগিতা। ক) রচনা খ) হামদ-নাথ গ) বঙ্গবন্ধুর জীবনী ভিত্তিক বই হতে অংশ বিশেষ পাঠ।	অধ্যক্ষ, চট্টগ্রাম বন্দর কলেজ ও চট্টগ্রাম বন্দর মহিলা কলেজ ডায়রপ্রাণ্ড প্রধান শিক্ষক/প্রধান শিক্ষিকা, চট্টগ্রাম বন্দর বালিকা বিদ্যালয়/বন্দর কর্তৃপক্ষ উচ্চ বিদ্যালয়। সুপারিনটেনডেন্ট, বন্দর মোহাম্মদীয়া মাদ্রাসা। সংশ্লিষ্ট সকল বিদ্যালয় পরিচালনা কমিটি।
৮.	বাদ যোহর/সুবিধাজনক সময়	মসজিদ, মন্দির, বৌদ্ধ বিহারে দোয়া/প্রার্থনা এবং ৮নং সড়কস্থ মসজিদে চেয়ারম্যান, চবক মহোদয় সহ সদস্যবৃন্দ ও বিভাগীয় প্রধানগণের দোয়ায় অংশগ্রহণ।	পরিচালক (প্রশাসন) পরিচালক (নিরাপত্তা) সচিব নির্বাহী প্রকৌশলী (ইমারত) সভাপতি/সাধারণ সম্পাদক, সংশ্লিষ্ট সকল মসজিদ, মন্দির, বৌদ্ধ বিহার পরিচালনা কমিটি, চবক।
৯.		বন্দর ভবন ও ফোয়ারায় LED ডিসপ্লেতে বঙ্গবন্ধুর ভাষণ/বানী প্রচার।	পরিচালক (বিওয়া) নির্বাহী প্রকৌশলী (ইমারত) সহকারী জনসংযোগ কর্মকর্তা। ক্যামেরাম্যান, চবক।
১০.		বন্দর বার্তায় বঙ্গবন্ধুর অবদান বিষয়ে প্রবন্ধ/বিশেষ সংখ্যা প্রকাশ।	সচিব, চবক

জাতীয় শোক দিবস ২০২১ যথাযোগ্য মর্যাদার সঙ্গে পালনের জন্য প্রয়োজনীয় প্রত্নুতি গ্রহণ এবং গৃহীত কর্মসূচি বাস্তবায়নের জন্য সকলের প্রতি অনুরোধ জানানো হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

  
চেয়ারম্যান  
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ  
সভাপতি

তারিখঃ ১৯ জুলাই ২০২১ খ্রি.।

নথি নং- ১৮.০৪.০০০০.১৮৪.২৩.১০২.২০১৯/১৭৮

অনুলিপিঃ সদয় অবগতির জন্য:

১. সকল সদস্য, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ;
২. প্রকল্প পরিচালক, মাতারবাড়ী বন্দর উন্নয়ন প্রকল্প, চবক;
৩. সকল বিভাগীয় প্রধান/উপ-বিভাগীয় প্রধান/শাখা প্রধান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ;
৪. অর্থসাহায্য অফিসার, চবক;
৫. সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ, চবক;
৬. সভাপতি/সাধারণ সম্পাদক, চট্টগ্রাম বন্দর কর্মচারী পরিষদ (সিবিএ);
৭. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সহকারী, চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য;
৮. অফিস কপি।

  
১৯/০৭/২১  
পরিচালক (প্রশাসন)  
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ